দৈনিক বাংলা

20

তারিখ ..25 FEB 1990
পৃষ্ঠা... ..7.. কলাম... ১...

# ঢাকা ভার্সিটিতে ক্রিকেট খেলা নিয়ে সংঘর্ষ শিক্ষকের গাড়ী ভাংচুর

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ে ক্রিকেট খেলা নিয়ে দুদল ছাত্রের মধ্যে এক সংঘর্ষে কয়েকজন আহত হয়েছে। সংঘর্ষের সময় ছাত্ররা খেলার মাঠে একজন শিক্ষকের গাড়ীতে আগুন

(শেষ পৃঃ ১–এর কঃ দ্রঃ)

## ঢাকা ভার্সিটিতে ক্রিকেট

(প্রথম পৃঃ পর)

ধরিয়েদেয়।

গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের জগন্নাথ হলের মাঠে ব্যবস্থাপনা বিভাগ ও ফিন্যান্স বিভাগের মধ্যে আন্তঃ বিভাগের মধ্যে আন্তঃ বিভাগ ক্রিকেট টুর্নামেন্টের ফাইন্যাল খেলা অনুষ্ঠিত হচ্ছিল। খেলায় আম্পায়ারের একটি সিদ্ধান্ত ফিন্যান্স বিভাগের সমর্থকদের মধ্যে ক্ষোভের সঞ্চার করে। বিকাল সাড়ে চারটায় খেলা শেষ হওয়ার সংগে সংগে ফিন্যান্স বিভাগের ছাত্ররা আম্পায়ারকে মারধর করতে গেলে ব্যাবস্থাপনা বিভাগের ছাত্রদের সংগে তাদের সংঘর্ষে বেধে যায়। সংঘর্ষে ইটপাটকেলের আঘাতে বেশ কয়েকজন ছাত্র আহত হন। ব্যবস্থাপনা বিভাগের কয়েকজন ছাত্র অভিযোগ করেছেন যে, সংঘর্ষের সময় ইতিহাস বিভাগের একজন প্রবীন শিক্ষকের হাতে ব্যবস্থাপনা বিভাগের প্রভাষক জনাব মোঃ বুলবুল লাঞ্ছিত হয়েছেন। এ ঘটনার পর বিক্ষুব্ধ ছাত্ররা খেলার মাঠের পাশে রাখা ইতিহাস বিভাগের প্রফেসর আবদুল মোমিন চৌধুরীর গাড়ীটি ভাংচুর করে এবং তাতে আগুন ধরিয়ে দেয়।

বিকাল সোয়া পাঁচটার দিকে পুলিশ জগন্নাথ হল মাঠে এসে পরিস্থিতি নিয়ন্ত্রণেআনে।

সংঘর্ষে আহত কুতুব এবং মোহাম্মদ হোসেন নামে দুজন ছাত্রকে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে প্রাথমিক চিকিৎসার পর ছেড়ে দেয়া হয়েছে।

জগন্নাথ হল ছাত্র সংসদ এক বিবৃতিতে খেলার মাঠে সন্ত্রাস, শিক্ষকদের নাজেহাল ও গাড়ীতে অগ্নিসংযোগের ঘটনার নিন্দা করেছে।